

The Baptist Tabernacle of Los Angeles

1329 South Hope Street, L.A. Civic Center

Mailing Address:
P. O. Box 15308
Los Angeles, CA 90015
Phone: (213) 744-9999

E-mail: rlhymersjr@sbcglobal.net
www.sermonsfortheworld.com
www.baptisttabernacle.com



Dr. R. L. Hymers, Jr.
Senior Pastor

Dr. Christopher L. Cagan
Associate Pastor

Dr. Kreighton L. Chan
Assistant Pastor

ডিসেম্বর, 2017

প্রিয় বন্ধু:

“সমস্ত ভয়ের বিরুদ্ধে” বইটি হল আমার জীবন কাহিনী, যা আমি কয়েকদিন আগে লেখা শেষ করেছি। যারা আমার বইটির প্রশংসা করেছেন তাদের মধ্যে রয়েছেন ডঃ বব জোন স III, যিনি আমাকে “একজন ভাববাদী” বলেছেন। ডঃ বিল মনরোই, BBFI (বিবিএফআই) এর দুইবারের সভাপতি, বলেছেন, “হেইমার্স হলেন একজন আধুনিক কালের দানিয়েল।” এবং ডঃ হারবার্ট রওলিংস, BBF (বিবিএফ) এর প্রতিষ্ঠাতা ডঃ জন্ রওলিংস এর ছেলে, এবং রওলিংস ফাউন্ডেশনের প্রধান, আমাকে আশ্বাসিত করেছেন, “একজন আদি আমেরিকান! একজন স্বপ্নদর্শী! বৈসাদৃশ্য রচনাতে তার জীবন গভীর আবেগ প্রদর্শন করছে।” ডঃ নীল ওয়েভার লুইসিয়ানা ব্যাপটিষ্ট বিশ্ববিদ্যালয়ের সভাপতি, বলেছেন, “এক সাহসী মানুষের বিষয়ে একটি চিত্তাকর্ষক ও প্রেরণাদায়ক বই।” সংবাদ বিবরণদাতা ডঃ ডন বয়েজ বলেছেন, “কেবল প্রচারকরা নন, ‘সমস্ত ভয়ের বিরুদ্ধে’ বইটি প্রত্যেক ব্যক্তির পড়া উচিত। প্রত্যেক ব্যক্তির জন্যে হেইমার্স হলেন একটা উদাহরণ...এই সময়ের সব চাহিদা - সাহস, প্রতিশ্রুতি, এবং চরিত্রে তার কাহিনী পরিবেশন করে রয়েছে।” ডঃ এডি পুরওয়াল্টো, ইন্দোনেশিয়াতে কর্মরত আমাদের মিশনারি, বলেছেন, “আমি যথার্থই এই বইটির জন্যে সুপারিশ করছি। ঈশ্বর যখন একজন মানুষের সঙ্গে থাকেন তখন তাকে পরাস্ত করা যায় না। ডঃ হেইমার্স একজন আদর্শ পুরুষ যিনি অনেক মারাত্মক সংগ্রাম করে বেঁচে আছেন।”

জন শমুয়েল কেগান হলেন আমাদের সহায়ক পালক ডঃ ক্রিস্টোফার এল . কেগান এবং তার স্ত্রী ডঃ জুডিথ কেগানের ছেলে। জন হলেন একজন কার্যনির্বাহী শিক্ষানবিশ, যিনি আমার সহায়ক হিসাবে আমার সঙ্গে কাজ করেন। আমাদের মন্ডলীতে ঘটিত সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়ের একটা হল সুসমাচার প্রচারের জন্যে জন্ 'এর আত্মসমর্পণ। তিনি এখন বায়োলা বিশ্ববিদ্যালয়ের তালবট স্কুল অফ থিয়োলজির সরাসরি “একজন” ছাত্র। আমার আত্মজীবনীতে ভূমিকা জন লিখেছেন। তিনি বলেছেন, “খ্রীষ্ট এবং মন্ডলীর জন্যে ডঃ হেইমার্স সের এমন একটি একক মননশীলতা আছে যেসকল সুপারস্টার খেলোয়াড়, রাজনৈতিক জগৎ এবং বিজয়ী বীরের মধ্যে দেখা যায়...77 বছর বয়সে, ক্যানসার রোগাক্রান্ত (আরোগ্যের পথে) এবং চিকিৎসা প্রণালীর কারণে দুর্বল হয়ে, বেশির ভাগ মানুষ অবসর গ্রহণ করতেন। কিন্তু ডঃ হেইমার্স আমাদের মন্ডলীর জন্যে এবং ঈশ্বরের জন্যে সংগ্রাম করেই চলেছেন! আমি তাকে দেখেছি নিজের শরীর ক্লান্তিভরে টেনেহঁচড়ে পুলপিটে ওঠাচ্ছেন এবং প্রচার করছেন। আগের রাতে খুব স্বল্প নিদ্রা হওয়া, পদদ্বয় যা তার শরীরকে কোনক্রমে বহন করছে, এবং তার পেটে খিল ধরে আছে, এতসব সত্ত্বেও খ্রীষ্টের দ্বারা শক্তিশালী হয়ে, তিনি দৃঢ়ভাবে পুলপিটে দাঁড়িয়ে থাকেন। আর কিভাবে তিনি প্রচার করেন? সিংহের মতন! আপনি অন্যান্য প্রায় সর্বত্র যেসব প্রচার শুনবেন তার তুলনায় তার দুর্বলতম ধর্মোপদেশও অনেক বেশি গতিশীল! সেটাই কারণ যে বিশ্বের সব পালকগণ তার ধর্মোপদেশ তাদের পুলপিটে প্রচার করে থাকেন...বর্তমানে ডঃ হেইমার্স সের ধর্মোপদেশের পাল্লুলিপির শব্দে-পর-শব্দ ধরে 36টি ভাষাতে অনুবাদিত হচ্ছে...সমগ্র বিশ্বের উপরে একটা শক্তিশালী প্রভাব বিস্তার করানোর জন্যে তার ধর্মোপদেশ এখন ঈশ্বর কর্তৃক ব্যবহৃত হচ্ছে। গত বছরে www.sermonsfortheworld.com ওয়েবসাইটে 218টি দেশের 1.5 মিলিয়ন লোক তার ধর্মোপদেশ পড়েছেন, তার ভিডিও দেখেছেন এবং তার প্রচারের দ্বারা অনুপ্রাণিত হয়েছেন...ডঃ হেইমার্সের জীবন কাহিনী আপনাকে অনুপ্রাণিত করবে খ্রীষ্টের জন্যে বেঁচে থাকতে - যাকে তিনি

খুব ভালবাসেন এবং এত বিশ্বস্তভাবে যার সেবা করেন। আমি বলতে আনন্দিত হই যে বিগত কয়েক সপ্তাহে ডঃ হেইমার্স তার শক্তির অনেকটাই পুনরুদ্ধার করেছেন। আমি প্রার্থনা করি যে ক্যানসার রোগটি আর ফিরে আসবে না এবং তিনি আরও অনেক বছর জীবিত থাকবেন।”

ডঃ রবার্ট এল. সামার, জাতিগতভাবে স্ত্রী এক সুসমাচার প্রচারক এবং “দ্য বিবলিকাল ইভানজেলিস্ট” পত্রিকার দীর্ঘ-দিনের সম্পাদক বলেছেন, “আমি সম্মান এবং শ্রদ্ধা করি একজন মানুষকে যিনি সত্যের পক্ষে দাঁড়াতে প্রস্তুত... এমনকী যখন সমস্ত অস্বাভাবিক বিষয় তার বিরুদ্ধে থাকে তখনও। রবার্ট লেসলী হেইমার্স, জুনিয়র, হলেন খ্রীষ্টের সেই ধরনের একজন খ্রীষ্ট বিশ্বাসী ভৃত্য!” (*The Honor Was All Mine: Giants of the Faith Whose Paths Crossed Mine*, 2015, pp. 104, 105)। আমার আত্মজীবনী, *Against All Fears* বইটি, 2018 সালের বসন্তে প্রকাশিত হওয়ার পরে আপনি ডঃ ক্রিস্টোফার এল. কেগানকে (323)735-3320 নম্বরে ফোন করে বইটি পাঠানোর অনুরোধ করতে পারেন।

নোহ সং আমাদের মন্ডলীর অন্য আর একজন নবীন যুবক যাকে প্রচার করার আহ্বান জানানো হয়েছিল। তিনি ক্লুজের ডিগ্রী শেষ করতে চলেছেন এবং যারপরে তিনি সেমিনারিতে যোগদান করবেন। নোহ জন্ কেগানকে সাহায্য করবেন যখন জন আমাদের মন্ডলীতে পালক হিসাবে আমার উত্তরসূরী হবেন এবং আমি হয়ে যাব এমিরেটাস পালক। নোহ এবং জন্ উভয়েই বিশিষ্ট নবীন প্রচারক। এই বছরের গোড়ার দিকে নোহ ইন্দোনেশিয়া এবং চীনদেশে প্রচারের কাজ করেছিলেন। জন্ ডোমিনিকান প্রজাতন্ত্র এবং ভারতের দুটি সুসমাচার সংক্রান্ত ক্রুসেডে প্রচারের কাজ করেছিলেন। জন্ এবং কেগান উভয়েই ডঃ কেগানের সঙ্গে আফ্রিকাতে ভ্রমণ করবেন, যেখানে আগামি বছরের জানুয়ারী মাসের প্রথম দিকে তারা উগান্ডা, কেনিয়া এবং রোয়ান্ডা দেশে প্রচার করবেন।

এই বছরের প্রথম দিকে আমরা মারাঠী (ভারতের আর একটি ভাষা) এবং ত্রেওলে (হাইতির একটি ভাষা) যোগ করেছি। কাজেই এখন শব্দের-পর-শব্দ ধরে প্রস্তুত করা ধর্মোপদেশের পাল্লুলিপি মোট 36টি ভাষাতে আমাদের ওয়েবসাইটে উপলব্ধ হচ্ছে!

সেপ্টেম্বর মাসে আমি এবং আমার স্ত্রী এলিনা আমাদের 35 বছরের বিবাহ বার্ষিকী উদ্‌যাপন করেছি। এলিনা আমাদের মন্ডলীতে যুবতী মহিলাদের দেখাশোনার দায়িত্বে আছেন। তিনি উপদেষ্টা হিসাবে তাদের জন্য বিস্ময়কর কাজ করেছেন। এলিনা হলেন আমার এখন অবধি জানা সর্বশ্রেষ্ঠ আন্তঃ-সাংস্কৃতিক খ্রীষ্টিয় কন্সী, যেহেতু তার যুবতীদের মধ্যে বেশির ভাগ যুবতীই হলেন প্রাচ্যের এবং এলিনা হলেন গুয়াতেমালার আদি বাসিন্দা!

আমার দুই পুত্র রবার্ট এবং জন্ ওয়েসলী উভয়েই আমাদের মন্ডলীতে আমার অত্যন্ত সাহায্যে আসেন। আমার পুত্র রবার্ট এবং তার স্ত্রী জিনের কোলে আমাদের নাতনি সারা ফেব্রুয়ারীতে জন্মগ্রহণ করেছে। তাদের প্রথমা কন্যা হান্না এখন প্রায় দুই বছর বয়সী। সে ইতিমধ্যেই হাঁটছে এবং কথা বলছে - এবং সে হল এক বিস্ময়কর শিশু যে আমার সঙ্গে দেখা হলেই আমাকে চুমু খেতে চায়! সে আমার হৃদয়কে আনন্দে গান করায়!

নভেম্বর মাসে আমি 13 জন যুবককে ব্যাপ্তিস্থ দিয়েছি, যাদের মধ্যে তিনজন ছাড়া বাকি সকলেই জগৎ থেকে উদ্ধার পেয়েছেন - ড্যানী কার্লোস, তিমথী চান, যোশেফ গং, জুডি লী, থমাস লুয়ং, ইয়োহানা সুকামোতো, মিনহ ভুয়, টম জিয়া, জেসিকা ইন, আয়াকো জাবালাগা, আলিসিয়া জ্যাকামিতাজিন, জেসি জ্যাকামিতামিন এবং বাইইয়াং ক্যাং। আপনি তাদের নামের সূত্র ধরে বলতে পারেন যে এরা হলেন বিভিন্ন দলের খ্রীষ্ট বিশ্বাসী যুবক। লস এঞ্জেলস এর নাগরিক কেন্দ্রের মধ্যে আমাদের বিখ্যাত মন্ডলীর সদস্য হিসাবে 20টি বিভিন্ন জাতিগত দল থেকে লোকদের পেয়ে আমরা খুব গর্বিত! এছাড়া নভেম্বর মাসে আমরা ডিকন হিসাবে অভিষিক্ত করেছি 5 জন যুবককে যারা হলেন - আরন ইয়ানসি, কিউ ডং লী, জ্যাক নগানন, নোহ সং এবং জন্ শমুয়েল কেগান। প্রাথমিক মন্ডলীর উদাহরণ অনুসরণ করে, পালক হিসাবে অভিষিক্ত করার আগেই জনকে ডিকন হিসাবে অভিষিক্ত করা হয়েছে যখন তিনিও কয়েক বছরের মধ্যেই সেমিনারির স্নাতক হয়েছিলেন এবং আমাদের মন্ডলীর পালক নিযুক্ত হয়েছিলেন। জন্ ইতিমধ্যেই বেশির ভাগ রবিবারের সভাতে বহু যুবককে প্রচার করেছেন যারা আমাদের মন্ডলীতে প্রত্যেক সপ্তাহে আসেন। তিনি হলেন আমার “পুত্র” সেবাকাজে নিয়োজিত। আমাদের ওয়েবসাইটের (www.sermonsfortheworld.com) ভিডিওতে তার ধর্মোপদেশের একটি দেখুন। যতদিন আমি পারব ততদিন ধরে প্রত্যেক রবিবারের সন্ধ্যা এবং প্রত্যেক শনিবারের সন্ধ্যায় আমি প্রচার করতে থাকব।

আগামি বছরে আমরা আমার সেবাকাজের 60তম বর্ষপূর্তি উৎসব অনুষ্ঠান পালন করব! আমি খুব কষ্ট করে বিশ্বাস করতে পারি যে আমি 60 বছর যাবৎ প্রচার করে আসছি! আমার ক্যানসার রোগটি এখন প্রায় আরোগ্যের পথে। প্রার্থনা করুন যে রোগটি আর ফিরে আসবে না, যতদিনে আমি আমাদের এই বিস্ময়কর মন্ডলীতে জন্ এবং নোহের সঙ্গে থেকে প্রচার এবং পালকের কাজের 70 বছর উদ্‌যাপন করছি! এলিনা এই

সেবাকাজে আমার সঙ্গিনী। প্রত্যেকদিন তিনি আমার পাশে পাশে থেকে কাজ করেন, যখন লস্ এঞ্জেলস এর এই বিশাল এবং মন্দ শহরের কেন্দ্রস্থলে থেকে আমরা বিশ্বের নবীন যুবকদের জয় করছি। এবং আমার সহকারী পালক, ডঃ ক্রিস্টোফার এল. কেরান, ছাড়া এই সব কিছু কখনও সম্ভবপর হতো না। আমি অবশ্যই সপ্রশংস স্বীকৃতি প্রদান করছি ডঃ ক্রেইগটন এল. চান, মিসেস ইন্মা সালাংজার, এবং আমাদের ডিকনবন্দ এবং অনুবাদকদের, যাদের ছাড়া এই সেবাকাজ করা অসম্ভব হত!

জানুয়ারী মাসের 29 তারিখে আমরা চীনা নববর্ষ পালন করেছি। সকালের সেবাকাজে নোহ সং প্রচার করেছিলেন এবং সন্ধ্যাতে ডঃ ক্রেইগটন এল. চান প্রচার করেছিলেন। আমি আমার পরিবারের সঙ্গে আমার পুত্র রবার্ট, জিন এবং ছোট হান্না, আমার পুত্র ওয়েসলী, এলিনার মা লিন্ডা, এলিনা এবং আমি এপ্রিল মাসে একটা ছুটি কাটাতে, মেক্সিকো'র, পুয়ের্তো ভালার্তা গিয়েছিলাম। জায়গাটি সুন্দর, উষ্ণ এবং আরামদায়ক ছিল। ডঃ রবার্ট এল. সুমনার, যিনি 94 বছর বয়সে 2016 সালের ডিসেম্বর মাসে মারা গেছিলেন, তার সব বই আমাদের ওয়েবসাইটে বিক্রী করার জন্যে দিয়ে, আমাকে বিস্মিত করেছিলেন। www.sermonsfortheworld.com - এটাই হল একমাত্র জায়গা যেখান থেকে ডঃ সুমনারের অনেক বই কিনতে পারা যায়। সামনের পাতায় কালো রঙের পটভূমিকাতে দেওয়া বিজ্ঞাপনটি দেখুন। আগস্ট মাস থেকে আমরা উদ্দীপনার উপরে একটা জোর দিয়েছিলাম। আমি চল্লিশবারের বেশি, রাতের পর রাত ধরে, প্রচার করেছি যেন প্রভু নেমে আসেন এবং অনেক লোক আশান্বিতভাবে মন পরিবর্তন করেছিলেন এবং অন্যেরা উদ্দীপিত হয়েছিলেন। এটা ছিল সেই দ্বিতীয় বছর যে ঈশ্বর নেমে এসেছিলেন এবং আমাদের মন্ডলীকে নতুন শক্তির সঙ্গে আশীর্বাদ করেছিলেন! পরের বছরে আরও উদ্দীপনা পাওয়ার জন্যে আমরা প্রার্থনা করছি! ডঃ চান এর পুত্র তিমথী একজন ডিকন পদ-প্রার্থী ছিলেন এবং 8ই অক্টোবর সকালে চীনা মধ্য-বসন্তের উৎসবে রবিবারের সকালে শক্তিশালী ধর্মোপদেশ প্রচার করেছিলেন। আমার আত্মজীবনী প্রকাশিত হওয়ার পরে, আমি আগামী বছরে উদ্দীপনার বিষয়ে আর একটা বই লেখা শুরু করার পরিকল্পনা করছি। অনুগ্রহ করে এই প্রকল্পটির জন্যে প্রার্থনা করুন।

আগামিকাল হচ্ছে ধন্যবাদ জ্ঞাপনের দিন। আমার স্ত্রী আমাদের বাড়িতে আমাদের সঙ্গে উদযাপন করার জন্যে 40 জনেরও বেশি লোককে আমন্ত্রণ জানিয়েছেন। এটাই আমাদের প্রার্থনা যে এই সুন্দর এবং অর্থপূর্ণ বড়দিনের ঋতুতে আপনাদের বাড়িতে খ্রীষ্ট উপস্থিত হবেন। ঈশ্বর আপনাদের সকলকে আশীর্বাদ করুন!



ঠাকুরদা হেইমার্স এবং তার মিষ্টি নাতনি, হান্না!

যীশুর নামে আপনাদের সকলের,

আর. এল. হেইমার্স, জুনিয়র,
ডি.মিন., টিএইচ.ডি., লিট.ডি.
ফিলিপীয় 4:13

দেখুন যে গতবছরে কেন 120,000 জন পালক আমাদের ওয়েবসাইটে গিয়েছিলেন। এটা শত শত শব্দের-পূর্ব-শব্দ ধরে করা ধর্মোপদেশের পাভুলিপি 36টি ভাষাতে পার্ঠের, এবং 3টি ভাষাতে ভিডিও দেখার সুযোগ করে দেয়। যদি আপনি একজন পালক হন যিনি আমাকে পছন্দ করেন, কখনো-সখনো একটা ধর্মোপদেশের জন্যে “আটকে” যান, তবে ধর্মোপদেশের পাভুলিপিগুলি পরীক্ষা করে দেখতে পারেন। প্রায় 1,500,000 লোক (120,000 জন প্রচারকসহ) এই বছরে WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে তাদের থেকে সাহায্য পেয়েছেন।



মেম্বিকোর, পুয়ের্তো ভালার্তায় হোটেলের লবিতে ডঃ হেইমার্সের সঙ্গে মিসেস আরিডোনডো, ওয়েসলী, মিসেস হেইমার্স, শিশু হাল্লাকে কোলে নিয়ে রবার্ট লেসলী, জিন হেইমার্স (রবার্টের স্ত্রী)।



ডঃ হেইমার্স তার জন্মদিনের কেক এর উপরে লেখা 76 সংখ্যাটি বিস্মিতভাবে দেখছেন!



ডঃ হেইমার্স মিস বাইইয়াং ব্যাংকে ব্যাপ্তিস্থ দিচ্ছেন।



যারা ব্যাপ্তাইজিত হয়েছেন ডঃ হেইমার্স তাদের প্রত্যেককে একটি করে স্কেফিল্ড স্টাডি বাইবেল দিচ্ছেন।



গুয়াতেমালা থেকে আগত তার প্রপিতামহ, রাফেল সেলুলার, এর সঙ্গে হাল্লা হেইমার্স!



নতুনভাবে অভিশিক্ত ডিকনবৃন্দ (সামনের সারি) এবং নতুনভাবে ব্যাপ্তাইজিত সদস্যবৃন্দ (পিছনের সারি)।

**আমাদের ধর্মোপদেশের ওয়েবসাইট WWW.SERMONSFORTHEWORLD.COM এ শব্দের-পর-শব্দ ধরে করা শত শত ধর্মোপদেশের পাল্লুলিপি ইংরাজি এবং অন্য 35টি ভাষায় প্রদান করে।
এছাড়া, আমাদের মন্ডলীর ওয়েবসাইট WWW.BAPTISTTABERNACLE.COM দেখুন।**



মিসেস হেইমার্সের জন্মদিন। জন্মদিনের কেকের
কিছুটা ছোট্ট হাল্লাকে খাওয়াচ্ছেন ডঃ হেইমার্স!



ডঃ এবং মিসেস হেইমার্স



জন্ শমুয়েল কোগান এবং তার বাগদত্তার জুলি
সিভিলে' র সঙ্গে ডঃ হেইমার্স।



মিঃ উইনস্টোন সং, আমাদের বিখ্যাত চীনা অনুবাদক (মধ্যে)।
জন্ শমুয়েল কোগান (বামদিকে) এবং নোহ সং (ডানদিকে)
দ্বারা বেষ্টিত।



জন্ শমুয়েল কোগান ডমিনিকান প্রজাতন্ত্রে প্রচার করছেন,
তার পিতার সঙ্গে, ডঃ কোগান, স্প্যানিশে অনুবাদ করছেন।



ভারতের একটি হুসেডে জন্ শমুয়েল কোগান
প্রচার করছেন

**আমাদের ধর্মোপদেশের ওয়েবসাইট WWW.SERMONSFORTHEWORLD.COM এ শব্দের-পর-শব্দ ধরে করা
শত শত ধর্মোপদেশের পান্ডুলিপি ইংরাজি এবং অন্য 35টি ভাষায় প্রদান করে।
এছাড়া, আমাদের মন্ডলীর ওয়েবসাইট WWW.BAPTISTTABERNACLE.COM দেখুন।**